



## নারী বিশ্বকাপে আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি বাংলাদেশ



সংগৃহীত ছবি

আইসিসি নারী বিশ্বকাপ ক্রিকেটে আজ ভিশখাপাটনমের রাজশেখর রেড্ডি ক্রিকেট স্টেডিয়ামে মাঠে নামছে বাংলাদেশ নারী দল। বাংলাদেশ সময় দুপুর সাড়ে ৩টায় শুরু হবে ম্যাচটি, প্রতিপক্ষ শক্তিশালী দক্ষিণ আফ্রিকা।

পাকিস্তানের বিপক্ষে দুর্দান্ত জয় দিয়ে টুর্নামেন্ট শুরু করলেও পরবর্তী দুই ম্যাচে ইংল্যান্ড ও নিউজিল্যান্ডের কাছে হেরে ছন্দপতন ঘটেছে জ্যোতিদের। তাই প্রোটিয়াদের বিপক্ষে আজ জয়ে ফিরতে মরিয়া বাংলাদেশ দল।

অন্যদিকে, দক্ষিণ আফ্রিকা এখন পর্যন্ত তিন ম্যাচে দুটি জিতে বেশ আত্মবিশ্বাসী অবস্থায় আছে। সর্বশেষ ম্যাচে স্বাগতিক ভারতকে ৩ উইকেটে হারিয়ে দলটি দারুণ ফর্মে রয়েছে। আজও তারা জয়ের ধারাবাহিকতা ধরে রাখতে চাইবে।

পয়েন্ট তালিকায় ৪ পয়েন্ট নিয়ে দক্ষিণ আফ্রিকা রয়েছে চতুর্থ স্থানে, আর ২ পয়েন্ট পাওয়া বাংলাদেশ আছে ছয়ে।

# LENS ASIA